দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... OCT. 22 1999 ...
পৃষ্ঠা ৪ কলাম ৪ ......

## একটি প্রাথমিক বিদ্যালয়ের অনিয়ম প্রসঙ্গে

সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর থানা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি ও দ্বারিয়াপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সরকারী বিধান লংঘন করিয়া সম্পূর্ণ বিধি বহির্ভূতভাবে বেতন সমতা করিয়া তিনি এবং তাহার সহযোগীরা সরকারী অর্থ আত্মসাৎ করিয়াছে, যাহা তাহার চাকুরী বইতে লিপিবদ্ধ নাই। বেতন সমতার বকেয়া বাবদ কোন বরদ্দ না থাকা সত্ত্বেও তিনি অত্যন্ত সুকৌশলে বেতন সমতার বকেয়া বাবদ ০১/১১/৮২ হইতে ৩০/০৬/৯৭ পর্যন্ত সময়ের ৮৫,৯৮০ টাকা ১৬ পয়সা, শাহজাদপুর সোনালী ব্যাংক শাখা হিসাব নং ২৬৬৬-এর মাধ্যমে উত্তোলন করেন। থানা শিক্ষা অফিসের বিল রেজিস্টারে যাহার নম্বর ৪১ তারিখ ২৮/০৭/৯৮ইং। ১০৮ জন শিক্ষক/শিক্ষিকার গত ০১/১১/৮২ইং তারিখ হইতে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের অনুমতি ব্যতিরিকে বেতন সমতা করিয়া প্রতিমাসে ৯৫,৯৯০ টাকা ৮৫ পয়সা আত্মসাৎ করিতেছে, যাহা কোন শিক্ষক/শিক্ষিকার চাকুরী বইতে লিপিবদ্ধ নাই। বর্তমান শিক্ষা অফিসারকে বিষয়টি অবহিত করা হইলে তিনি ঐ ১০৮ জন শিক্ষক/শিক্ষিকার বেতন পুনঃনির্ধারণ না করা পর্যন্ত বেতন বন্ধ রাখার আদেশ দেন। এ ব্যাপারে জরুরী ভিত্তিতে তদন্ত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আবেদন জানান হইয়াছে।

মোঃ আবদুল মান্নান,
প্রধান শিক্ষক,
কমলাপুর সঃ প্রাঃ বিদ্যালয়,
খুকনী, থানাঃ শাহজাদপুর,
জেলাঃ সিরাজগঞ্জ